গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন

এবং

সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৪ - জুন ৩০, ২০২৫

# সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ..... ৩

প্রস্তাবনা ..... ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ..... ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ..... ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ..... ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ..... ১২

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ..... ১৩

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ..... ১৫

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ..... ১৬

## দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Department/Organization)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন এর আওতাধীন কাপ্তাই লেকে ২০২১-২২, ২০২২-২৩ এবং ২০২৩-২৪ (এপ্রিল/২০২৪ পর্যন্ত) অর্থবছরে মৎস্য উৎপাদন হয়েছে যথাক্রমে ২০২৮২ মে. টন, ১৭০৫০ মে. টন এবং ১৮১০১.৩০মে. টন । এ সময়ে বিএফডিসি'র আওতাধীন বিভিন্ন অবতরণ কেন্দ্রে মৎস্য অবতরণ ও বিপণন হয়েছে যথাক্রমে ২৩৬১৫ মে. টন, ২২৫২১ মে. টন ও ২১৩৫১.৭১ মে. টন এবং এর বিপরীতে রাজস্ব আয় হয়েছে যথাক্রমে ১৪০৫.০০ লক্ষ টাকা, ১৪৭৮.২৯ লক্ষ টাকা ও ১৮৯২.৩৬। একই সময়ে বিএফডিসি'র আওতাধীন বিভিন্ন কেন্দ্রে সংরক্ষণ ও প্রক্রিয়াজাত করা মৎস্যের পরিমাণ যথাক্রমে ৮৪২৩১ মেঃ টন , ৭৬৬৪৪ মে. টন এবং ৬৬০২৫.১৫; এ থেকে রাজস্ব আয় হয়েছে যথাক্রমে ১২৫.১১ লক্ষ টাকা, ১৮২.৯৫ লক্ষ টাকা এবং ১৭৬.৯২। ২০২৩-২৪ অর্থবছরে কাপ্তাই লেকে ৫৬.১০ মে. টন পোনা অবমুক্ত করা হয়। অত্র কর্পোরেশন কর্তৃক বাস্তবায়িত ২টি প্রকল্পের আওতায় উপকূলীয় পটুয়াখালী জেলার মহিপুর ও আলিপুর, পিরোজপুর জেলার পাড়েরহাট ও লক্ষ্মীপুর জেলার রামগতি এবং হাওর এলাকার নেত্রকোনা জেলার মোহনগঞ্জ, কিশোরগঞ্জ জেলার ভৈরব ও সুনামগঞ্জ জেলার সুনামগঞ্জ সদরসহ সর্বমোট ৭টি নতুন স্বাস্থ্যসম্মত মৎস্য অবতরণ কেন্দ্র নির্মাণ করা হয় যার নির্মাণ কাজ জুন, ২০২১ মাসে সমাপ্ত হয়। এছাড়া গত ১৩ মার্চ ২০২৪ তারিখে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয় কর্তৃক 'বিএফডিসি রেডি ফিশ' ব্রান্ডের রেডি টু কুক' মৎস্য পণ্য বাজারজাতকরণ সংক্রান্ত কার্যক্রমের শুভ উদ্বোধন করা হয়।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

- বিভিন্ন কেন্দ্রের অবকাঠামোসহ মৎস্য প্রক্রিয়াকরণ কারখানাগুলোর জরাজীর্ণ অবস্থা;
- নবনির্মিত অবতরণ কেন্দ্রসমূহে মৎস্য অবতরণ কার্যক্রম চালু করা;
- জনবলের স্বল্পতা;
- বিএফডিসি ভবনের উর্ধ্বমুখী সম্প্রসারণ।
- বিএফডিসি'র মৎস্য অবতরণ কেন্দ্র ব্যতীত অন্যত্র অস্বাস্থ্যকর পরিবেশে মৎস্য অবতরণ
- 'বিএফডিসি রেডি ফিশ' ব্রান্ডের রেডি টু কুক' মৎস্য পণ্য বাজারজাতকরণ কার্যক্রম সম্প্রসারণ

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

- গভীর সমুদ্রে মৎস্য আহরণে সক্ষম ডিপ সি ফিশিং ট্রলার ক্রয় ও এ খাতে বেসরকারি বিনিয়োগ উৎসাহিতকরণ ;
- কাপ্তাই লেকে মৎস্য উৎপাদন, সংরক্ষণ ও ব্যবস্থাপনা জোরদার করা;
- মোংলা, বাগেরহাট কেন্দ্রে দ্বি-চ্যানেলবিশিষ্ট স্লিপওয়েসহ পূর্ণাঙ্গ ডকইয়ার্ড নির্মাণ;
- 'বিএফডিসি রেডি ফিশ' ব্রান্ডের রেডি টু কুক' মৎস্য পণ্য বাজারজাতকরণ কার্যক্রম জোরদার করা;
- ভ্যালু এ্যাডেড ফিস প্রোডাক্ট উৎপাদন ও বিপণনের জন্য কারখানা স্থাপন;
- কাপ্তাই লেকের অনুরূপ অন্যান্য লেকে মৎস্য উৎপাদন কার্যক্রম গ্রহণ করা;
- দেশের উপকূলীয় ও হাওর অঞ্চলের সম্ভাব্য এলাকায় হ্যাসাপ মানসম্পন্ন আরও মৎস্য অবতরণ কেন্দ্র স্থাপন করা;
- মহেশখালি মৎস্য বন্দর নির্মাণ করা;
- কাওরান বাজারস্থ বিএফডিসি ভবনের ৭ম থেকে ১৫ম তলা পর্যন্ত নির্মাণ কাজ সম্পন্ন করা।

**২০২৪-২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- কাপ্তাই লেকে মৎস্য উৎপাদন ১৯৭০০ মে. টনে উন্নীতকরণ;
- অভ্যন্তরীণ বাজারে ২৪০০০মে. টন মানসম্পন্ন ও নিরাপদ মাছ বিপণন ;
- আধুনিক পদ্ধতিতে নিজস্ব স্টোরে ৮৯৭৫৫মে. টন মাছ সংরক্ষণ ;
- স্লিপওয়েতে ২৯০টি মৎস্য ট্রলার/বার্জ মেরামত

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন

এবং

সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়-এর মধ্যে ২০২৪ সালের ................. মাসের ................. তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

স্বাস্থ্যসম্মত মাছ সরবরাহে সহায়তাকরণ।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

উন্মুক্ত ও বদ্ধ জলাশয়ে মৎস্য উৎপাদন, আহরণ, আহরিত মৎস্যের অপচয় হ্রাসকরণের লক্ষ্যে স্বাস্থ্যসম্মত অবতরণ, প্রক্রিয়াকরণ, সংরক্ষণ এবং বিপণন কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করে জনগণের দোরগোড়ায় পৌছানো।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র

১. কাপ্তাই লেকে মৎস্য উৎপাদন বৃদ্ধিকরণ
২. অভ্যন্তরীণ বাজারে স্বাস্থ্যসম্মত ও নিরাপদ মাছ বিপণন
৩. বাণিজ্যিকভাবে মৎস্য আহরণ ত্বরান্বিতকরণ
৪. প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ ও দক্ষ জনবলের মাধ্যমে মৎস্য শিল্পের উন্নয়ন সাধন

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. কাপ্তাই হ্রদ/উন্মুক্ত জলাশয়/পুকুরে মৎস্য উৎপাদন, আহরণ ও বাজারজাতকরণ এবং স্থানীয়/ উপজাতি জনগোষ্ঠীর কর্মসংস্থান সৃষ্টি;
২. সমুদ্রগামী মৎস্য ট্রলারসমূহের ডকিংসহ মেরামত সুবিধাদি প্রদান;
৩. কাপ্তাই লেক, হাওর, উপকূল ও সমুদ্র হতে আহরিত মৎস্যের গুণগতমান সংরক্ষণের জন্য আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত মৎস্য অবতরণ, সংরক্ষণ, প্রক্রিয়াকরণ ও বাজারজাতকরণ কেন্দ্র স্থাপন;
৪. নিজস্ব পরিবহনের মাধ্যমে ঢাকা শহরে স্বাস্থ্যসম্মত মাছ বিপণন;
৫. মৎস্য ও মৎস্যজাত পণ্য প্রক্রিয়াকরণ, সংরক্ষণ, বাজারজাতকরণ এবং রপ্তানির জন্য সহায়তা প্রদান;
৬. উপরোক্ত সকল উদ্দেশ্য পূরণকল্পে সরকারি অর্থায়নে বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন।

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা ২০২৪-২৫ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৫-২০২৬ | ২০২৬-২০২৭ | | |
| মাছের আহরণোত্তর অপচয় হ্রাস | অবতরণকৃত/বিপণনকৃত মাছের পরিমাণ | মে. টন | ২৩১০০ | ২১৩৫১.৭১ | ২৪০০০ | ২৪৫০০ | ২৪৭০০ | মপ্রাম, স্থানীয় সরকার মন্ত্রণালয়, বিএফডিসি, মত | রেজিস্টার |
| মৎস্য ও মৎস্য পণ্য রপ্তানিতে বেসরকারি প্রতিষ্ঠানকে উৎসাহিতকরণ | আধুনিক পদ্ধতিতে সংরক্ষিত মাছের পরিমাণ | মে. টন | ৮২৪৬৯.৫৭ | ৬৬০২৫.১৫ | ৮৯৭৫৫ | ৯০৮০০ | ৯১৮৫০ | মপ্রাম, বিএফডিসি, মত | রেজিস্টার |
| কাপ্তাই হ্রদে মৎস্য উৎপাদন বৃদ্ধি | আহরিত মাছের পরিমাণ | মে. টন | ১৭০৫০ | ১৮১০১.৩০ | ১৯৭০০ | ১৯৭০০ | ২০০০০ | মপ্রাম, জেলা প্রশাসন, বিএফডিসি , বিএফআরআই, মত | রেজিস্টার |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩
# কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] কাপ্তাই লেকে মৎস্য উৎপাদন বৃদ্ধিকরণ | ২৩ | [১.১] কাপ্তাই লেকে মৎস্য উৎপাদন | [১.১.১] আহরিত মাছের পরিমাণ | সমষ্টি | মে. টন | ৭ | ১৭০৫০ | ১৮১০১.৩০ | ১৯৭০০ | ১৮৫০০ | ১৭০০০ | ১৫৫০০ | ১৪০০০ | ১৯৮০০ | ২০০০০ |
| | | [১.২] কাপ্তাই লেকে মাছের পোনা অবমুক্তকরণ | [১.২.১] অবমুক্তকৃত পোনার পরিমাণ | সমষ্টি | মে. টন | ৬ | ৫৬ | ০০ | ৫৬ | ৫২ | ৪৭ | ৪৪ | ৪০ | ৬০ | ৬২ |
| | | [১.৩] হ্যাচারীতে কার্প জাতীয় মাছের রেণু উৎপাদন | [১.৩.১] উৎপাদিত রেণুর পরিমাণ | সমষ্টি | কেজি | ৫ | ৬৭.৫০ | ০৯ | ৭০ | ৬৪ | ৬০ | ৫৬ | ৫২ | ৭১ | ৭২ |
| | | [১.৪] অবৈধ মৎস্য শিকার রোধে পরিচালিত অভিযান | [১.৪.১] অভিযানের সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৫ | ৩১৩ | ২১১ | ২৪০ | ২২০ | ২১৫ | ২০৫ | ২০০ | ২৫০ | ২৬০ |
| [২] অভ্যন্তরীণ বাজারে স্বাস্থ্যসম্মত ও নিরাপদ মাছ বিপণন | ২২ | [২.১] হাওর/উপকূলীয় অঞ্চলের বিভিন্ন অবতরণ কেন্দ্রে স্বাস্থ্যসম্মতভাবে মাছ অবতরণ | [২.১.১] অবতরণকৃত মাছের পরিমাণ | সমষ্টি | মে.টন | ৮ | ১৭৫৯৬.৮৭ | ১৩৭৬০.৫৪ | ১৬২০০ | ১৫০০০ | ১৪৫০০ | ১৩০০০ | ১২০০০ | ১৬৬০০ | ১৬৭০০ |
| | | [২.২] কাপ্তাই লেক সংলগ্ন অবতরণ কেন্দ্রে স্বাস্থ্য সম্মতভাবে মাছ অবতরণ | [২.২.১] অবতরণকৃত মাছের পরিমাণ | সমষ্টি | মে.টন | ৭ | ৫৫০৪ | ৭৬৪৪.১৭ | ৭৮০০ | ৭০০০ | ৬০০০ | ৫৫০০ | ৫০০০ | ৭৯০০ | ৮০০০ |
| | | [২.৩] সুবিধাভোগিদের মধ্যে জনসচেতনতা সৃষ্টি | [২.৩.১] প্রশিক্ষণ প্রদান | সমষ্টি | সংখ্যা | ৩ | ০ | ৬০ | ৬০০ | ৫০০ | ৪০০ | ৩০০ | ২০০ | ৭০০ | ৮০০ |
| | | [২.৪] ঢাকা শহরের বিভিন্ন স্থানে ভ্রাম্যমান মাছ বিপণন | [২.৪.১] বিক্রিত মাছের পরিমাণ | সমষ্টি | মে.টন | ২ | ৬১.৪২ | ৪৫.৯০ | ৭৫ | ৭০ | ৬৫ | ৫৭ | ৫০ | ৯০ | ৯২ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| | | [২.৫] মাঠ পর্যায়ের অফিস/ চলমান প্রকল্পের কার্যক্রম পরিবীক্ষণ | [২.৫.১] আওতাধীন অফিস/চলমান প্রকল্প পরিদর্শন | সমষ্টি | সংখ্যা | ২ | ০ | ২৪ | ১৮ | ১৫ | ১২ | ১০ | ৮ | ২১ | ২২ |
| [৩] বাণিজ্যিকভাবে মৎস্য আহরণ ত্বরান্বিতকরণ | ১৭ | [৩.১] আধুনিক পদ্ধতিতে মাছ সংরক্ষণ কার্যক্রম | [৩.১.১] সরবরাহকৃত বরফের পরিমাণ | সমষ্টি | মে.টন | ৪ | ১০৪৩৭.২৭ | ৮৯৪৪.৩৬ | ১২০০০ | ১১৫০০ | ১০৫০০ | ৯০০০ | ৮০০০ | ১২৫০০ | ১৩০০০ |
| | | | [৩.১.২] স্টোরে সংরক্ষিত মাছের পরিমাণ | সমষ্টি | মে.টন | ৪ | ৮২৪৬৯.৫৭ | ৬৫২৭৬.৪৮ | ৮৯০০০ | ৮২০০০ | ৭৫০০০ | ৭০০০০ | ৬৫০০০ | ৯০০০০ | ৯১০০০ |
| | | | [৩.১.৩] হিমায়িত মাছের পরিমাণ | সমষ্টি | মে.টন | ৩ | ৭৪৫ | ৭৪৮.৬৭ | ৭৪৫ | ৬৫০ | ৫৫০ | ৪০০ | ৩০০ | ৮০০ | ৮৫০ |
| | | [৩.২] বেসিন/টি-হেড জেটিতে ট্রলার/বার্জ বার্থিং | [৩.২.১] বার্থিংকৃত ট্রলার/বার্জের সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৩ | ৩২৬ | ২০৫ | ৪৩০ | ৩৫০ | ৩১০ | ২৩০ | ২৪০ | ৪৪০ | ৪৫০ |
| | | [৩.৩] স্লিপওয়েতে মৎস্য ট্রলার/বার্জ মেরামত | [৩.৩.১] মেরামতকৃত বার্জ/ট্রলারের সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৩ | ২০৬ | ৮৭ | ২৯০ | ২৪০ | ২২৫ | ২১৫ | ১৯০ | ২৮০ | ২৯০ |
| [৪] প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ ও দক্ষ জনবলের মাধ্যমে মৎস্য শিল্পের উন্নয়ন সাধন | ৮ | [৪.১] মাছের পোস্ট হারভেস্ট লস রোধে প্রয়োজনীয় অবকাঠামো উন্নয়ন/সংস্কার | [৪.১.১] মৎস্য অবতরণ/প্রক্রিয়াকরণ কেন্দ্র উন্নয়ন/সংস্কারের সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৪ | ০৮ | ০৫ | ০৫ | ০৪ | ০৩ | ০২ | ০১ | ০৬ | ০৭ |
| | | [৪.২] নিয়োগ/পদোন্নতির মাধ্যমে শূন্য পদ পূরণ | [৪.২.১] নিয়োগ/পদোন্নতির সংখ্যা | সমষ্টি | জন | ৪ | ৪৩ | ৩৬ | ১০ | ০৮ | ০৬ | ০৫ | ০৪ | ১৫ | ২০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় হিসাবে চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

................................................ ................................................

চেয়ারম্যান
বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন

তারিখ

................................................ ................................................

সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

তারিখ

# সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | ইউএনও | উপজেলা নির্বাহী অফিসার |
| ২ | জপ্র | জেলা প্রশাসক |
| ৩ | বামউক (BFDC) | বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন |
| ৪ | বিএফআরআই | বাংলাদেশ ফিশারিজ রিসার্চ ইনস্টিটিউট |
| ৫ | মঅ | মৎস্য অধিদপ্তর |
| ৬ | মপ্রাম (MoFL) | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] কাপ্তাই লেকে মৎস্য উৎপাদন | [১.১.১] আহরিত মাছের পরিমাণ | উৎপাদন শাখা,রাঙামাটি কেন্দ্র; সমন্বয়কারী: বাস্তবায়ন বিভাগ, প্রধান কার্যালয় , বামউক, ঢাকা। | এপিএ'র মাসিক সমন্বিত প্রতিবেদন |
| [১.২] কাপ্তাই লেকে মাছের পোনা অবমুক্তকরণ | [১.২.১] অবমুক্তকৃত পোনার পরিমাণ | উৎপাদন শাখা,রাঙামাটি কেন্দ্র; সমন্বয়কারী: বাস্তবায়ন বিভাগ, প্রধান কার্যালয় , বামউক, ঢাকা। | এপিএ'র মাসিক সমন্বিত প্রতিবেদন |
| [১.৩] হ্যাচারীতে কার্প জাতীয় মাছের রেণু উৎপাদন | [১.৩.১] উৎপাদিত রেণুর পরিমাণ | উৎপাদন শাখা,রাঙামাটি কেন্দ্র; সমন্বয়কারী: বাস্তবায়ন বিভাগ, প্রধান কার্যালয় , বামউক, ঢাকা। | এপিএ'র মাসিক সমন্বিত প্রতিবেদন |
| [১.৪] অবৈধ মৎস্য শিকার রোধে পরিচালিত অভিযান | [১.৪.১] অভিযানের সংখ্যা | প্রশাসন শাখা,রাঙামাটি কেন্দ্র; সমন্বয়কারী: বাস্তবায়ন বিভাগ, প্রধান কার্যালয় , বামউক, ঢাকা। | অভিযানের সমন্বিত প্রতিবেদন |
| [২.১] হাওর/উপকূলীয় অঞ্চলের বিভিন্ন অবতরণ কেন্দ্রে স্বাস্থ্যসম্মতভাবে মাছ অবতরণ | [২.১.১] অবতরণকৃত মাছের পরিমাণ | মৎস্য অবতরণ কেন্দ্র ( কক্সবাজার, পাথরঘাটা, খুলনা, মোহনগঞ্জ, আলীপুর, রামগতি, মহিপুর); সমন্বকারী: বিপণন বিভাগ, প্রধান কার্যালয় , বামউক, ঢাকা। | কেন্দ্র ভিত্তিক মাসিক/ত্রৈমাসিক/বার্ষিক সমন্বিত প্রতিবেদন |
| [২.২] কাপ্তাই লেক সংলগ্ন অবতরণ কেন্দ্রে স্বাস্থ্য সম্মতভাবে মাছ অবতরণ | [২.২.১] অবতরণকৃত মাছের পরিমাণ | মৎস্য অবতরণ কেন্দ্র ( রাঙামাটি সদর/কাপ্তাই/মহালছড়ি/মারিশ্যা); সমন্বকারী: বিপণন শাখা , রাঙামটি কেন্দ্র' বামউক, ঢাকা। | মাসিক/ত্রৈমাসিক/বার্ষিক সমন্বিত প্রতিবেদন |
| [২.৩] সুবিধাভোগিদের মধ্যে জনসচেতনতা সৃষ্টি | [২.৩.১] প্রশিক্ষণ প্রদান | কক্সবাজার জেলায় শুটকী প্রক্রিয়াকরণ শিল্প স্থাপন প্রকল্প এবং সুনামগঞ্জ জেলার দিরাই উপজেলায় মৎস্য অবতরণ কেন্দ্র স্থাপন প্রকল্প। | অংশগ্রহণকারি প্রশিক্ষণাথীর্ দের উপস্থিতির তালিকা |
| [২.৪] ঢাকা শহরের বিভিন্ন স্থানে ভ্রাম্যমান মাছ বিপণন | [২.৪.১] বিক্রিত মাছের পরিমাণ | মৎস্য প্রকৃয়াকরণ ও বিপণন কেন্দ্র পাগলা, নারায়নগঞ্জ এর আওতায় বিদ্যমান ফিসভ্যান এবং মৎস্য বিতান, কাওরানবাজার ; সমন্বকারী: বিপণন বিভাগ, প্রধান কার্যালয় , বামউক, ঢাকা। | এপিএ'র মাসিক সমন্বিত প্রতিবেদন |
| [২.৫] মাঠ পর্যায়ের অফিস/ চলমান প্রকল্পের কার্যক্রম পরিবীক্ষণ | [২.৫.১] আওতাধীন অফিস/চলমান প্রকল্প পরিদর্শন | চেয়ারম্যান মহোদয় এবং পরিচালকগণ কর্তৃক আওতাধীন অফিস পরিদর্শন | পরিদর্শন প্রতিবেদন/ ভ্রমণ আদেশ |
| [৩.১] আধুনিক পদ্ধতিতে মাছ সংরক্ষণ কার্যক্রম | [৩.১.১] সরবরাহকৃত বরফের পরিমাণ | বিএফডিসির আওতাধীন বরফকল ( কক্সবাজার, পাথরঘাটা, খুলনা, মোহনগঞ্জ, আলীপুর, রামগতি, মহিপুর, রাঙামাটি, কাপ্তাই); সমন্বকারী: বিপণন বিভাগ, প্রধান কার্যালয় , বামউক, ঢাকা। | কেন্দ্র ভিত্তিক এপিএ'র মাসিক সমন্বিত প্রতিবেদন |
| | [৩.১.২] স্টোরে সংরক্ষিত মাছের পরিমাণ | চট্রগ্রাম মৎস্য বন্দর এবং মৎস্য প্রকৃয়াকরণ ও বিপণন কেন্দ্র, কক্সবাজার;সমন্বয়কারী: বাস্তবায়ন বিভাগ, প্রধান কার্যালয় , বামউক, ঢাকা। | কেন্দ্র ভিত্তিক এপিএ'র মাসিক সমন্বিত প্রতিবেদন |
| | [৩.১.৩] হিমায়িত মাছের পরিমাণ | চট্রগ্রাম মৎস্য বন্দর এবং মৎস্য প্রকৃয়াকরণ ও বিপণন কেন্দ্র, কক্সবাজার;সমন্বয়কারী: বাস্তবায়ন বিভাগ, প্রধান কার্যালয় , বামউক, ঢাকা। | কেন্দ্র ভিত্তিক এপিএ'র মাসিক সমন্বিত প্রতিবেদন |
| [৩.২] বেসিন/টি-হেড জেটিতে ট্রলার/বার্জ বার্থিং | [৩.২.১] বার্থিংকৃত ট্রলার/বার্জের সংখ্যা | চট্রগ্রাম মৎস্য বন্দর;সমন্বয়কারী: বাস্তবায়ন বিভাগ, প্রধান কার্যালয় , বামউক, ঢাকা। | এপিএ'র মাসিক সমন্বিত প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [৩.৩] স্লিপওয়েতে মৎস্য ট্রলার/বার্জ মেরামত | [৩.৩.১] মেরামতকৃত বার্জ/ট্রলারের সংখ্যা | চট্টগ্রাম মৎস্য বন্দর এবং পাথরঘাটা মৎস্য অবতরণ কেন্দ্র;সমন্বয়কারী: বাস্তবায়ন বিভাগ, প্রধান কার্যালয় , বামউক, ঢাকা। | কেন্দ্র ভিত্তিক এপিএ'র মাসিক সমন্বিত প্রতিবেদন |
| [৪.১] মাছের পোস্ট হারভেস্ট লস রোধে প্রয়োজনীয় অবকাঠামো উন্নয়ন/সংস্কার | [৪.১.১] মৎস্য অবতরণ/প্রক্রিয়াকরণ কেন্দ্র উন্নয়ন/সংস্কারের সংখ্যা | প্রধান কার্যালয়সহ সংশ্লিষ্ট কেন্দ্র/ইউনিট | অবকাঠামো উন্নয়ন/সংস্কার কাজের অনুমোদনের কপি |
| [৪.২] নিয়োগ/পদোন্নতির মাধ্যমে শূন্য পদ পূরণ | [৪.২.১] নিয়োগ/পদোন্নতির সংখ্যা | প্রশাসন বিভাগ, প্রধান কার্যালয়। | নিয়োগ/পদোন্নতির আদেশ |

# সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| হাওর/উপকূলীয় অঞ্চলের বিভিন্ন অবতরণ কেন্দ্রে স্বাস্থ্যসম্মতভাবে মাছ অবতরণ | অবতরণকৃত মাছের পরিমাণ | স্থানীয় প্রশাসন | অফিসিয়াল পত্র ও টেলিফোনিক আলাপ |
| অবৈধ মৎস্য শিকার রোধে পরিচালিত অভিযান | অভিযানের সংখ্যা | বাংলাদেশ পুলিশ | অফিসিয়াল পত্র, মতবিনিময় সভা, ই-মেইল ইত্যাদি |
| ঢাকা শহরের বিভিন্ন স্থানে ভ্রাম্যমান মাছ বিপণন | বিক্রিত মাছের পরিমাণ | বাংলাদেশ পুলিশ | অফিসিয়াল পত্র, মতবিনিময় সভা, ই-মেইল ইত্যাদি |
| কাপ্তাই লেকে মৎস্য উৎপাদন | আহরিত মাছের পরিমাণ | জেলা প্রশাসকের কার্যালয়, রাঙ্গামাটি | অফিসিয়াল পত্র, মতবিনিময় সভা, ই-মেইল ইত্যাদি |
| হাওর/উপকূলীয় অঞ্চলের বিভিন্ন অবতরণ কেন্দ্রে স্বাস্থ্যসম্মতভাবে মাছ অবতরণ | অবতরণকৃত মাছের পরিমাণ | মৎস্য অধিদপ্তর | অফিসিয়াল পত্র, মতবিনিময় সভা, ই-মেইল ইত্যাদি |
| আধুনিক পদ্ধতিতে মাছ সংরক্ষণ কার্যক্রম | সরবরাহকৃত বরফের পরিমাণ | বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | অফিসিয়াল পত্র, মতবিনিময় সভা, ই-মেইল ইত্যাদি |
| আধুনিক পদ্ধতিতে মাছ সংরক্ষণ কার্যক্রম | স্টোরে সংরক্ষিত মাছের পরিমাণ | বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | অফিসিয়াল পত্র, মতবিনিময় সভা, ই-মেইল ইত্যাদি |
| আধুনিক পদ্ধতিতে মাছ সংরক্ষণ কার্যক্রম | হিমায়িত মাছের পরিমাণ | বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | অফিসিয়াল পত্র, মতবিনিময় সভা, ই-মেইল ইত্যাদি |
| স্লিপওয়েতে মৎস্য ট্রলার/বার্জ মেরামত | মেরামতকৃত বার্জ/ট্রলারের সংখ্যা | চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ | অফিসিয়াল পত্র, মতবিনিময় সভা, ই-মেইল ইত্যাদি |
| বেসিন/টি-হেড জেটিতে ট্রলার/বার্জ বার্থিং | বার্থিংকৃত ট্রলার/বার্জের সংখ্যা | চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ | অফিসিয়াল পত্র, মতবিনিময় সভা, ই-মেইল ইত্যাদি |

## সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ